পদ্মায় বালু উত্তোলন বন্ধে বিশেষ অভিযান, ৬ জনের ছয় মাসের কারাদণ্ড

written by Chandradip News24 | November 15, 2024

পাবনার পদ্মা নদী থেকে অবৈধভাবে বালু উত্তোলনের সময় নৌ পুলিশের বিশেষ অভিযানে ছয়জনকে আটক করা হয়েছে। আটককৃতদের প্রত্যেককে ছয় মাসের কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত।

বৃহস্পতিবার (১৪ নভেম্বর) বিকেলে সদর উপজেলার চরতারাপুর পয়েন্টে অভিযান চালিয়ে তাদের আটক করা হয়। পাবনা সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মুরাদ হোসেন ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে এ রায় প্রদান করেন।

আটককৃতরা হলেন: গোপালগঞ্জের ফরিদ শেখ (৩০), ঝালকাঠির হানিফ খা (৩০), ঝালকাঠির তৌহিদ খান (২৫), রাজবাড়ীর রতন প্রামাণিক (৩৫), পটুয়াখালীর ইব্রাহিম জমাদ্দার (৩০) এবং পিরোজপুরের নাহিদ হাসান (২০)।

নৌ পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে পদ্মার চরতারাপুর এলাকায় অভিযান চালানো হয়। অভিযানকালে তারা ড্রেজার ও বাল্কহেড ফেলে পালানোর চেষ্টা করলে নৌ পুলিশ তাদের আটক করে। এ সময় জব্দ

ড্রেজারের মালিক রাজবাড়ীর ধাওয়াপাড়ার জলিল এবং বাল্কহেডের মালিক চাঁদপুরের গোলাম মর্তুজা বলে জানা গেছে।

অভিযানে নেতৃত্ব দেন সুজানগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মীর রাশেদুজ্জামান রাশেদ। এছাড়াও উপস্থিত ছিলেন নাজিরগঞ্জ নৌ পুলিশের ইন্সপেক্টর শরিফুল ইসলাম, পাবনা সদর উপজেলার দোগাছি ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা নাকীবুল্লাহ এবং ভাঁড়ারা ইউনিয়ন ভূমি উপসহকারী কর্মকর্তা আবু সাইয়্যিদ।

“মো: তুহিন হোসেন,
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম”